



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শৃঙ্খলা ও আপিল বিভাগ

www.pallisanchaybank.gov.bd

স্মারক নম্বর:পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৬৫০)/২০২৩-২৪(২০২৫-২৬)/১৮০৬

তারিখ: ১২ মার্চ, ২০২৬ইং

পল্লী সঞ্চয় ব্যাংক, কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীন রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৯৪/২০২৪-২৫ এর

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মো: ফরহাদ হোসেন (এফ-১৩৮), মাঠ সহকারী, (সাময়িকভাবে বরখাস্তকৃত) পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, বরগুনা (সংযুক্ত) ইত:পূর্বে বামনা শাখা, বরগুনা -এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ) (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ আত্মসাতমূলক অপরাধের দায়ে বিভাগীয় মামলা নম্বর ৯৪/২০২৪-২৫ রুজুপূর্বক অত্র বিভাগের ১৫/০৫/২০২৫ তারিখের পসব্য/প্রকা/প্রশা-২২(৬৫০)/২০২৩-২৪(২৪-২৫)/২৩১৫ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং কর্তৃপক্ষ উক্ত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষ্ঠানিক তথ্যাদি পর্যালোচনাতে আপনি জনাব মো: ফরহাদ হোসেন আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ আত্মসাতমূলক অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত করত লঘুদণ্ড তথা আপনার পরবর্তী প্রাপ্য ০১ (এক) টি বার্ষিক বেতন বর্ধন ০১ (এক) বছরের জন্য ছুটি রাখার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু আপনি জনাব মো: ফরহাদ হোসেন, কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২(১)(ক)(আ) প্রবিধি অনুসারে আপনার পরবর্তী প্রাপ্য (০১/০৭/২০২৮ তারিখে প্রাপ্য) ০১ (এক) টি বার্ষিক বেতন বর্ধন ০১ (এক) বছরের জন্য (৩০/০৬/২০২৯ তারিখ পর্যন্ত) ছুটি রাখার আদেশ দিলেন।

০৫। এছাড়াও কর্তৃপক্ষ আপনার উপর ১৬/০৫/২০২৪ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২৩(৯)/২০২৩-২৪/৪৪০৬ নম্বর স্মারকমূলে আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক সাময়িক বরখাস্তকাল (১৬/০৫/২০২৪ তারিখ হতে অত্র কর্মী সংক্রান্ত ঘোষণা জারির পূর্ব পর্যন্ত) বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার আদেশ দিলেন। আপনি সাময়িক বরখাস্তকালে গৃহীত খোরাকি ভাতার অতিরিক্ত কোন অর্থ প্রাপ্য হবেন না।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব মো: ফরহাদ হোসেন (এফ-১৩৮)

মাঠ সহকারী,

পল্লী সঞ্চয় ব্যাংক

জেলা (আঞ্চলিক) কার্যালয়, বরগুনা।

স্মারক নম্বর:পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৬৫০)/২০২৩-২৪(২০২৫-২৬)/১৮০৬

তারিখ: ১২ মার্চ, ২০২৬ইং

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের সকল দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। প্রোগ্রামার, আইসিটি অপারেশন বিভাগ, (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৫। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ-বরিশাল, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পটুয়াখালী।

০৭। শাখা ব্যবস্থাপক গলাচিপা শাখা, পটুয়াখালী।

০৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, বরগুনা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মো: ফরহাদ হোসেন (এফ-১৩৮), মাঠ সহকারী এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি daa.support1@pallisanchaybank.gov.bd মেইল এ প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হলো।

০৯। সংশ্লিষ্ট নথি/মহানথি/ব্যক্তিগত নথি।

(মো: মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার